



Arlington  
Public  
Schools

## বিদ্যালয় ভিত্তিক মেডিকএইড/FAMIS প্রায়শই জিজ্ঞাসিত প্রশ্নসমূহ:

দি ইন্ডিভিজুয়ালস উইথ ডিসঅ্যাবিলিটিস এডুকেশন অ্যাক্ট (IDEA), মেডিকেট-এর দ্বারা কিছু ইন্ডিভিজুয়াল এডুকেশন প্রোগ্রাম (IEP) পরিষেবা প্রদানের জন্য এবং আর্লিংটন পাবলিক স্কুলস (APS)-কে ভার্জিনিয়া ডিপার্টমেন্ট অফ মেডিক্যাল অ্যাসিস্টেন্স সার্ভিসেস (DMAS)-এর প্রতি বিল উত্থাপনের জন্য অনুমোদিত করে। এই পরিষেবাগুলির মধ্যে অন্তর্ভুক্ত হল, কর্মচিকিৎসা, কখন/ভাষাভিত্তিক অসুস্থতা সংক্রান্ত পরিষেবা, দক্ষতায়ুক্ত সেবামূলক পরিষেবা, ব্যক্তিগত প্রয়োগমূলক সহায়তা, বিশেষ পরিবহণ ব্যবস্থা, এবং কিছু নির্দিষ্ট মূল্যায়ন। মেডিকএইড-এর জন্য বিল উত্থাপন করার উদ্দেশ্যে, APS-কে আবশ্যিকভাবে পিতামাতাদের সম্মতি গ্রহণ করতে হবে।

নিচে বিদ্যালয় ভিত্তিক মেডিকএইড কার্যক্রম সম্পর্কে প্রায়শই জিজ্ঞাসিত প্রশ্নগুলির একটি তালিকা প্রদান করা হল।

### 1. মেডিকএইড/FAMIS দাবিগুলির জন্য বিল উত্থাপন করার উদ্দেশ্যে বিদ্যালয়গুলির পিতামাতার সম্মতির প্রয়োজন হয় কেন?

ফ্যামিলি এডুকেশনাল রাইটস অ্যান্ড প্রাইভেসি অ্যাক্ট (FERPA)-অনুসারে একটি ছাত্রের অক্ষমতা সম্পর্কিত তথ্যসমূহ প্রকাশের পূর্বে APS-এর দ্বারা পিতামাতার সম্মতি গ্রহণ করা প্রয়োজন। মেডিকএইড (DMAS)-এর প্রতিনিধিত্বকারী সংস্থার নিকট তথ্য প্রদান করাটি এটির মধ্যে অন্তর্ভুক্ত হয়।

### 2. আমার সন্তানটির IEP-এর মধ্যে নির্ধারিত পরিষেবাগুলির জন্য মেডিকএইড/FAMIS-এর প্রতি বিল উত্থাপন করার জন্য APS কতবার আমার সম্মতি গ্রহণ করে?

পিতামাতার সম্মতিটির প্রয়োজন হয় শুধুমাত্র একবার। সম্মতিটি আপনার সন্তানটির APS-এ নিবন্ধীকৃত থাকাকালীন, আপনার সন্তানটির IEP অনুসারে বিল উত্থাপনযোগ্য পরিষেবাগুলি গ্রহণ করা বন্ধ না করা, অথবা আপনার দ্বারা সম্মতিটি ফিরিয়ে না নেওয়া পর্যন্ত, বৈধ থাকে।

- 3. আমার সন্তানটি মেডিকএইড-এর জন্য উপযুক্ত নয়। তা সত্ত্বেও কি আমার সম্মতিটিতে স্বাক্ষর করার প্রয়োজন আছে?**

হ্যাঁ। যদি আপনার সন্তানটি মেডিকএইড-এর জন্য উপযুক্ত হয়, এই প্রত্যাশার ভিত্তিতে আপনার সম্মতিটি ফাইলে বিদ্যমান থাকবে।
- 4. যদি আমি সম্মতি প্রদানের পরে আমার সিদ্ধান্ত পরিবর্তন করি তাহলে কি হবে?**

পিতামাতার সম্মতিটি ঐচ্ছিক এবং যেকোন সময়ে ফিরিয়ে নেওয়া যেতে পারে। যদি আপনি সম্মতি প্রদান করেন এবং পরবর্তী কোন সময়ে সেটি ফিরিয়ে নেন, তাহলে ফিরিয়ে নেওয়াটি অতীত কোন তারিখের থেকে কার্যকরী হবে না এবং সম্মতিটি বিদ্যমান থাকাকালীন প্রদত্ত পরিষেবাগুলির জন্য মেডিকএইড (DMAS)-এর প্রতিনিধিত্বকারী সংস্থার প্রতি বিল উত্থাপন করা হবে। আপনি যদি আপনার সম্মতি সংক্রান্ত সিদ্ধান্তের পরিবর্তন ঘটাতে ইচ্ছুক হন, তাহলে অনুগ্রহ করে মেডিকএইড সমন্বয়কের সঙ্গে (703) 228-6065 এই নম্বরে যোগাযোগ করুন।
- 5. আমি যদি সম্মতি প্রদান না করি তাহলে কি হবে?**

আপনার সন্তানটির শিক্ষা সম্বন্ধীয় কার্যক্রমটির ভিত্তিক হল IEP দ্বারা নির্ধারিত তার শিক্ষা সম্বন্ধীয় প্রয়োজনীয়তা। আপনার সম্মতি সংক্রান্ত সিদ্ধান্তটি, মেডিকএইড/FAMIS সম্মতিভিত্তিক অবস্থান ব্যতিরেকেই, কোনভাবে তার পরিষেবাগুলিকে প্রভাবিত করবে না। তবে, সম্মতি প্রদানের অস্বীকৃতি, অক্ষমতায়ুক্ত ছাত্রগুলির শিক্ষার ক্ষেত্রে সুবিধা প্রদানকারী তহবিলগুলির প্রতি জেলাটির নাগাল প্রাপ্তির সক্ষমতাকে প্রভাবিত করে।
- 6. আমার সন্তানটি যদি মেডিকএইড/FAMIS-এর সুবিধাগুলি হারায় তাহলে কি হবে?**

APS শুধুমাত্র তখনই পরিষেবাগুলির জন্য বিল উত্থাপন করতে পারে যদি একটি শিশু মেডিকএইড/FAMIS-এর সুবিধাভোগকারী হিসাবে চিহ্নিত হয়। মেডিকএইড/FAMIS-এর সুবিধাগুলি হারানোটি আপনার সন্তানটির দ্বারা বিদ্যালয়ে প্রাপ্ত পরিষেবাগুলিকে প্রভাবিত করবে না।
- 7. মেডিকএইড/FAMIS-এর প্রতি বিল উত্থাপনের কারণে আমার গোপনীয়তার সঙ্গে আপোস করা হবে কি?**

APS মেডিকএইড-এর প্রতি, একজন চিকিৎসকের ন্যায় একই প্রকারে বিল প্রস্তুত করবে। APS দৃঢ়ভাবে রাষ্ট্র এবং রাজ্যের আইনগুলি অনুসরণ করে যেগুলি অনুসারে আমাদের দ্বারা আপনার স্বাস্থ্য সংক্রান্ত তথ্যসমূহের গোপনীয়তা রক্ষণাবেক্ষণ করা প্রয়োজন। আপনার সন্তানটির তথ্যগুলির প্রতি নাগাল প্রত্যক্ষভাবে জড়িত ব্যক্তিদের মধ্যেই সীমাবদ্ধ থাকে।
- 8. আমার ব্যক্তিগত বিমাটি কি প্রভাবিত হবে?**

না। IEP সম্পর্কিত পরিষেবাগুলির জন্য APS আপনার ব্যক্তিগত বিমার প্রতি বিল উত্থাপন করবে না। এটির সম্পর্কে জ্ঞাত থাকা আপনার জন্য গুরুত্বপূর্ণ যে সম্মতির ফর্মটিতে স্বাক্ষর করাটি না আপনার ব্যক্তিগত বিমাভিত্তিক সুবিধাগুলিকে না আপনার অথবা আপনার পরিবারের দ্বারা গৃহীত মেডিকএইড/FAMIS পরিষেবাগুলিকে হ্রাস করে।

**9. বিদ্যালয়ের বিল উত্থাপন করাটি কি ব্যক্তিগত পরিষেবার জন্য আমার প্রতি অনুমোদিত সর্বাধিক পরিমাণ পর্যায়গুলির গণনার ক্ষেত্রে বিবেচিত হবে?**

না। যখন APS ব্যয়-পূরণ দাবি করে, তখন এই পর্যায়গুলি ব্যক্তিগত পরিষেবা গ্রহণের কালে সর্বাধিক পরিমাণ পর্যায়ের অনুমোদনটিকে প্রভাবিত করে না। একজন বহিরাগত পেশাদারের থেকে গৃহীত মেডিকএইড/FAMIS পরিষেবাগুলি বিদ্যালয় ব্যবস্থার মাধ্যমে প্রদত্ত পরিষেবাগুলির থেকে পৃথকভাবে অনুমোদিত হয়।

**10. মেডিকএইড-এর বিল বিদ্যালয়ের মাধ্যমে কেন?**

এই বিলটি ছাত্রদের প্রতি প্রদত্ত পরিষেবাগুলির জন্য ব্যয়গুলিকে পূরণ করে।

আপনার যদি কোন প্রশ্ন থাকে, তাহলে অনুগ্রহ করে মেডিকএইড সমন্বয়ক, ক্যাটিনা ক্লেটর-এর সঙ্গে যোগাযোগ করুন।

1426 N. Quincy Street  
Arlington, VA 22207  
(703) 228-6065  
[catina.claytor@aspva.us](mailto:catina.claytor@aspva.us)